

# Times Today BD

রকিবুল হাসান রকি | রাজশাহী | 04 April, 2025

রাজশাহীর বাগমারায় মসজিদে নামাজ পড়া নিয়ে বিরোধের জেরে ছুরিকাঘাতে মাছ ব্যবসায়ীকে হত্যা করা হয়েছে। পরবর্তীতে গণপিটুনিতে হত্যাকারী নিহত হয়েছেন।

আজ শুক্রবার রাত ৮টায় বাগমারা উপজেলার বিকরা ইউনিয়নের রনসিবাড়ী বাজারের একটি মসজিদে এশার নামাজ পড়াকে কেন্দ্র করে এ ঘটনা ঘটে।

নিহতরা হলেন- পার্শ্ববর্তী নওগাঁ জেলার আত্রাই উপজেলার গোয়ালবাড়ী গ্রামের মিঠুর সরদারের ছেলে মাছ ব্যবসায়ী আব্দুর রাজ্জাক এবং একই গ্রামের ঝড় প্রমাণিকের ছেলে আমিনুল ইসলাম।

পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, এশার নামাজ পড়া নিয়ে আব্দুর রাজ্জাক ও আমিনুলের মধ্যে কথা কাটাকাটি হয়। এরপর আব্দুর রাজ্জাক নামাজ শেষে রনসিবাড়ী বাজারে একটি স্টলে বসে চা পান করছিলেন। এ সময় আমিনুল পেছন দিক থেকে এসে আব্দুর রাজ্জাককে বুকে ও পিঠে ছুরিকাঘাত করে। সেখান থেকে পালিয়ে গিয়ে রনসিবাড়ী বাজারসংলগ্ন একটি বাড়িতে আশ্রয় নেয় আমিনুল। ছুরিকাঘাতে আব্দুর রাজ্জাকের ঘটনা স্থলেই মৃত্যু হয়।

এরপর বাজারের জনগণ আমিনুলকে ওই বাড়িতে অবরুদ্ধ করে রাখেন। ঘটনার খবর পেয়ে বিকরা ও যুগীপাড়া তদন্ত কেন্দ্রের পুলিশ এসে আমিনুল ইসলামকে আটক করে বাড়ির বাইরে নিয়ে আসা মাত্রই উত্তেজিত জনগণ পুলিশের হাত থেকে কেড়ে নিয়ে গণপিটুনি দিয়ে তাকেও মেরে ফেলেন।

বাগমারা থানার ওসি তৌহিদুল ইসলাম বলেন, নিহতদের লাশ উদ্ধার করা হয়েছে। তদন্ত করে প্রয়োজনীয় আইনি ব্যবস্থা নেওয়া হবে।

ছুরিকাঘাত হত্যা নিহত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 23:50

URL: <https://timestodaybd.com/rajshahi/303775807>